# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যুগপৎভাবে মনস্তাপ ও প্রত্যাশা সহ কুর‘আন পাঠ করলে মহান আল্লাহ তা মন দিয়ে শ্রবণ করেন

## ذِكْرُ اسْتِمَاعِ اللَّهِ إِلَى المتحزِّن بِصَوْتِهِ بِالْقُرْآنِ

আরবী

749 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو حَدَّثَنَا أَبُو سَلَمَةَ حَدَّثَنَا أَبُو هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا أَذِنَ اللَّهُ لِشَيْءٍ كَأَذَنِهِ لِلَّذِي يَتغَنَّى بِالْقُرْآنِ يَجْهَرُ بِهِ)

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ: (مَا أَذِنَ اللَّهُ) يُرِيدُ: مَا اسْتَمَعَ اللَّهُ لِشَيْءٍ.

(كَأَذَنِهِ): كَاسْتِمَاعِهِ.

(لِلَّذِي يَتَغَنَّى بِالْقُرْآنِ يَجْهَرُ بِهِ) يُرِيدُ: يَتَحَزَّنُ بِالْقِرَاءَةِ عَلَى حَسَبِ مَا وَصَفْنَا نَعْتَهُ.

الراوي : أبو هريرة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 749 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৭৪৯. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আল্লাহ কোন কিছুই সেভাবে (মনযোগের সাথে) শ্রবণ করেন না, যেভাবে তিনি সুমধুর কণ্ঠে সুস্পষ্টভাবে কুর‘আন তেলাওয়াতকারীর তেলাওয়াত শ্রবণ করেন।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “مَا أَذِنَ اللَّهُ এর দ্বারা উদ্দেশ্য হলো مَا اسْتَمَعَ اللَّهُ لِشَيْءٍ (মনযোগের সাথে শ্রবণ করেন না), كَأَذَنِهِ এর দ্বারা উদ্দেশ্য হলো كَاسْتِمَاعِهِ (শ্রবণ করার ন্যায়), لِلَّذِي يَتَغَنَّى بِالْقُرْآنِ يَجْهَرُ بِهِ এর দ্বারা উদ্দেশ্য হলো আমরা যেভাবে বর্ণনা দিয়েছি সেভাবে যুগপৎভাবে মনস্তাপ ও প্রত্যাশা সহ কুর‘আন পাঠ করেন।”

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৫২২; মুসনাদ আহমাদ: ২/৪৫০; দারেমী: ১/৩৪৯; সহীহ মুসলিম: ৭৯২; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২১৭।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩২৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89252

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন